



রাজশাহী বিশ্ববিদ্যালয়

১ম বর্ষ স্নাতক(সম্মান)/স্নাতক ভর্তি পরীক্ষা ২০২০-২১

অনলাইনে চূড়ান্ত আবেদনের নির্দেশিকা

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ স্নাতক(সম্মান)/স্নাতক ভর্তি পরীক্ষা ২০২০-২১ এর জন্য প্রাথমিক আবেদনকারীর মধ্য হতে এইচএসসি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মাধ্যমে অনলাইনে সম্পন্ন করতে হবে। চূড়ান্ত আবেদনের পদ্ধতিসহ সকল বিস্তারিত তথ্য admission.ru.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন করা যাবে।

(ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা সংক্রান্ত তথ্য প্রদান

ওয়েবসাইটের হোম পেজে “Start Application” বাটনে চাপ দিলে পরবর্তী পেজে প্রার্থীকে তার SSC/সম্মান এবং HSC/সম্মান উভয় পরীক্ষার রোল, শিক্ষাবোর্ড ও পাশের বছর প্রদান করতে হবে। সেই সাথে পেজে প্রদত্ত একটি ছবিতে দৃশ্যমান সংখ্যা ও অক্ষর (Captcha) যথাস্থানে ইনপুট দিতে হবে।

কারিগরি শিক্ষা বোর্ডের শিক্ষার্থীদের ক্ষেত্রে শিক্ষাবোর্ডের স্থলে প্রযোজ্য ক্ষেত্রে Technical-Vocational অথবা Technical-HBM/DIC (Diploma in Commerce অথবা Business Management-এর ক্ষেত্রে), GCE (A লেভেল, O লেভেল), BFA ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থীরা বোর্ডের স্থলে Others (GCE-A Level/BFA) সিলেক্ট করবে।

সকল তথ্য সঠিক ভাবে পূরণ করে “Submit” বাটনে চাপ দিলে আবেদনকারীর ছবিসহ ব্যক্তিগত তথ্যের সাথে তার SSC/সম্মান ও HSC/সম্মান পরীক্ষার ফলাফল দেখা যাবে। সকল তথ্য সঠিকভাবে মিলিয়ে নিতে হবে। প্রার্থী যে সকল ইউনিটে চূড়ান্ত আবেদনের জন্য নির্বাচিত হয়েছে তার একটি তালিকা প্রদর্শিত হবে।

(খ) আবেদন প্রক্রিয়া

চূড়ান্ত আবেদনযোগ্য ইউনিটসমূহের তালিকা হতে আবেদনকারী যে যে ইউনিটে আবেদন করতে ইচ্ছুক তাদের পাশে টিক চিহ্ন দিতে হবে (আবেদনযোগ্য এক বা একাধিক ইউনিটে একইসাথে আবেদন করা যাবে)। এরপর “Next” বাটনে ক্লিক করার মাধ্যমে আবেদনের পরবর্তী ধাপে যেতে পারবে। ঠিক ঐ মুহূর্তে আবেদন করতে না চাইলে “Exit” বাটনে ক্লিক করতে হবে।

কোন কারণে ছবি পরিবর্তন করতে চাইলে “Change Photo” বাটনে ক্লিকের মাধ্যমে “Photo Instruction” মেনুতে প্রদত্ত নিয়ম অনুসরণ করে তা সম্পন্ন করা যাবে। তবে ছবি পরিবর্তনের জন্য অতিরিক্ত ফি (২০০.০০ টাকা) প্রদান করতে হবে।

কোন তথ্য ভুল থাকলে “Back” বাটনে ক্লিক করে পূর্ববর্তী ধাপে ফিরে গিয়ে তা সংশোধন করা যাবে। “Submit Application” বাটনে ক্লিক দিলে প্রার্থীর আবেদন সম্পন্ন হবে এবং একটি স্লিপ দেখতে পাবে। উক্ত স্লিপে আবেদনকারীর ছবিসহ Application ID, Bill Number এবং সর্বমোট ফি এর পরিমাণ মুদ্রিত থাকবে। স্লিপটির নিচের দিকে অবস্থিত “Download Payslip” বাটন

ক্লিক করে স্লিপটি প্রিন্ট বা সংরক্ষণ (Save) করা যাবে। এই স্লিপটি অবশ্যই “Admit Card” নয় কিন্তু প্রদত্ত তথ্য পরবর্তীতে প্রয়োজন হবে। OK বাটনে ক্লিকের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।

(গ) ফি প্রদান পদ্ধতি ও আবেদন নিশ্চিতকরণ

স্লিপে প্রদত্ত Bill Number ব্যবহার করে রকেট এর মাধ্যমে চূড়ান্ত আবেদনের ফি নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রদান করার মাধ্যমে প্রাথমিক আবেদন নিশ্চিত (Confirm) করতে হবে। সংশ্লিষ্ট ফি প্রদান ব্যতিত আবেদন সম্পন্ন হবে না।

রকেট এর মাধ্যমে ফি প্রদান পদ্ধতিঃ

- Step-1: ডায়াল *322# ।
- Step-2: "1. Bill Pay" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-3: "2. Other" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-4: "Enter Payer Mobile No." এর স্থলে প্রার্থীর মোবাইল নম্বর দিতে হবে।
- Step-5: "0. Other" অপশন সিলেক্ট করতে হবে।
- Step-6: Enter Biller ID. এর স্থলে '377' টাইপ করতে হবে।
- Step-7: Enter Bill Number এর স্থলে অবশ্যই স্লিপে প্রদত্ত Bill Number টি প্রদান করতে হবে।
- Step-8: Enter Amount এর স্থলে স্লিপে প্রদত্ত সর্বমোট ফি এর পরিমাণ দিতে হবে।
- Step-9: Enter PIN এর স্থলে Customer এর রকেট Account এর PIN নম্বর দিতে হবে।
- Step-10: Payment Confirmation SMS আসবে। এই SMS থেকে Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

ফি প্রদানের পরবর্তী ৪৮ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট আবেদনের তথ্য ওয়েবসাইটে আপডেট করা হবে। কেবলমাত্র Admit Card ডাউনলোড করলেই আবেদনকারী তার ভর্তি পরীক্ষার রোল নম্বর জানতে পারবে। ২৭/০৫/২০২১ (দুপুর ১২:০০টা) হতে ০২/০৬/২০২১ তারিখ (সন্ধ্যা ০৬:০০টা) -এর মধ্যে Admit Card অবশ্যই ডাউনলোড করতে হবে। নির্দিষ্ট সময়ের পর Admit Card ডাউনলোড করা যাবে না।

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য

Email: ru_admission@ru.ac.bd

Helpline: 01703-899973, 01703-899974, 01797-234567

(২৩/০৩/২০২১ হতে ৩১/০৩/২০২১ তারিখ প্রতিদিন সকাল ১০:০০টা – সন্ধ্যা ০৭:০০টা)

প্রফেসর মো. বাবুল ইসলাম
পরিচালক, আইসিটি সেন্টার
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।